Elearning Info
https://www.elearninginfo.in



14 (BEN–4) 4016

# 2023

# BENGALI

Paper : BEN–4016

**(New Syllabus)**

( ভাষা-১ )

*Full Marks : 80*

Time : Three hours

***The figures in the margin indicate full marks for the questions.***

১। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ২×৮=১৬

(ক) দুটি অবর্গীভূত ভাষার নাম লেখো।

(খ) ভারতীয় আর্যভাষার ক'টি স্তর? স্তরগুলির নামোল্লেখ করো।

(গ) শৌরসেনী প্রাকৃত থেকে *কোন্ দুটি* ভাষার উদ্ভব হয়েছে?

(ঘ) সাহিত্যিক প্রাকৃত ক'প্রকার? *যে-কোনো দুটির* নাম লেখো।

(ঙ) 'পালি' শব্দের অর্থ কি? এ ভাষায় রচিত একটি গ্রন্থের নামোল্লেখ করো।

*Contd.*

(চ) পালি ভাষার *দুটি* রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

(ছ) প্রাচীন বাংলার *দুটি* রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের উদাহরণ দাও।

(জ) কামরূপী ও ঝাড়খণ্ডী উপভাষা *কোন্ দুটি* অঞ্চলে প্রচলিত?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৬×৪=২৪

(ক) গ্রীমের সূত্র কি? সূত্রটির সংক্ষিপ্ত ব্যাখ্যা দাও।

(খ) প্রাকৃত দ্বিস্বর ধ্বনির ব্যবহার দেখাও।

(গ) পালি ভাষায় বৈদিক প্রভাব উল্লেখ করো।

(ঘ) বঙ্গালী ও বরেন্দ্রী উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈসাদৃশ্যগুলি লেখো।

(ঙ) টীকা লেখো : ইন্দো-ইউরোপীয় ভাষাবংশের 'কেন্তুম্' গুচ্ছের ভাষাগুলির সংক্ষিপ্ত পরিচয় লিপিবদ্ধ করো।

৩। (ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ১০

*অথবা*

(খ) ভের্নারের সূত্র উদাহরণ সহযোগে ব্যাখ্যা করো। এই প্রসঙ্গে রকারীভবন (rhotacism) কাকে বলে বুঝিয়ে দাও।

৪। (ক) স্থিতিকাল উল্লেখ করে মধ্য ভারতীয় আর্যভাষার স্তরবিভাগ নির্দেশ করো এবং এর বৈশিষ্ট্যগুলি লেখো। ১০

*অথবা*

(খ) মাগধী প্রাকৃত ও অর্ধ-মাগধী প্রাকৃতের একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত করো।

৫। (ক) পালি ভাষার নামকরণ প্রসঙ্গে ভাষাবিদদের মতামতগুলি সম্পর্কে যা জানো লেখো। ১০

*অথবা*

(খ) পালি ভাষার সাধারণ বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

৬। (ক) বাংলা শব্দভাণ্ডারের উৎসগত বৈচিত্র্য বিষয়ে একটি নাতিদীর্ঘ নিবন্ধ প্রস্তুত করো। ১০

*অথবা*

(খ) মধ্য বাংলার কালসীমা উল্লেখ করে এর ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ ব্যাখ্যা করো।

---